# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**24 DECEMBER 2025** **7:35—7:40**

---

আসামকে স্বনির্ভর করতে হলে গ্রামীন অর্থনীতিকে শক্তিশালী করতে হবে কারন রাজ্যের নিত্য প্রয়োজনীয় সামগ্রীর ৯০ শতাংশ বর্হির রাজ্য থেকে আমদানী করতে হয় । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল ডিব্রুগড় জেলার চাবুয়া লাহোয়াল বিধানসভা কেন্দ্রে মহিলাদের মধ্যে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযানের চেক বিতরণ করে এ কথা বলেন । ডিম , মুরগী , শাক-শব্জী সহ অন্যান্য অসংখ্য নিত্য প্রয়োজনীয় সামগ্রীর জন্য আসামকে বাইরের রাজ্যের ওপর নির্ভর করতে হয় বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে আসামে প্রতি দিন ২৫ লক্ষ লিটার দুধের প্রয়োজন হয় , কিন্তু রাজ্যে মাত্র ৩ লক্ষ লিটার দুধ উৎপাদন হয় এবং ২২ লক্ষ লিটার দুধ বিহার , গুজরাট ও কর্ণাটক থেকে আমদানী করতে হয় । চা পাতা ছাড়া আসাম থেকে বিশেষ কোন সামগ্রী রপ্তানী হয় না বলে মন্তব্য করে মূখ্যমন্ত্রী বলেন যে আলু , পেঁয়াজ , শাক-শব্জী , ডাল , চাল সামগ্রী বাইরের রাজ্য থেকে আসামে আসে । তিনি আক্ষেপ প্রকাশ করে বলেন যে আসামের মানুষ ব্যাবসা করছেন অথছ সেই ব্যবসার ১শো টাকার মধ্যে ৮০ টাকাই বাইরের রাজ্যে চলে যাচ্ছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল আগামীকাল বড়দিন ও আসন্ন নববর্ষ উপলক্ষ্যে যাত্রীভীড় সামাল দিতে তিন জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আজ গুয়াহাটী -সাইরাং-এর মধ্যে এবং আগামীকাল সাইরাং-গুয়াহাটীর মধ্যে বিশেষ ট্রেন চলাচল করবে । এছাড়াও সীমান্ত রেলের পক্ষ থেকে ডিব্রুগড় - লক্ষনৌ এবং নতুন দিল্লী-কামাখ্যা বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত হয়েছে ।

---

জাতীয় মহিলা কমিশন যুব গবেষকদের বৃত্তি প্রদানের মাধ্যমে মহিলাদের সমস্যা সম্পর্কিত বিষয়ে হবেষণার জন্য ‘শক্তি স্কলার্স’ শীর্ষক বৃত্তি প্রদানের ব্যবস্থা করেছে ।

এর আওতায় মহিলাদের সুরক্ষা এবং মর্যাদা, লিঙ্গভিত্তিক হিংসা, মহিলাদের আইনী অধিকার এবং আইনী সুবিধার সুযোগ করে দেওয়া, সাইবার সুরক্ষা, স্বাস্থ্য এবং পুষ্টি, অর্থনৈতিক সবলীকরণ এবং শ্রম কার্যে তাদের অংশগ্রহণ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে গবেষণা করার কথা বলা হয়েছে । যেকোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যুনতম স্নাতক ডিগ্রিধারী ২১ থেকে ৩০ বছর বয়সের যুবক যুবতীরা এই কার্যসূচির জন্য আবেদন করতে পারবে । বাছাই হওয়া প্রার্থীরা তাদের ছ'মাসের গবেষণার জন্য একলক্ষ টাকা করে বৃত্তি লাভ করবে । প্রার্থীরা আগামী ৩১শে আগস্টের মধ্যে এরজন্য আবেদন করতে পারবে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন ক্ষেত্রের শিল্পীদের স্বাস্থ্য সুরক্ষার উদ্দেশ্যে রাজ্য সরকার শিল্পী সহায়তা বীমা প্রকল্প রূপায়নের জন্য একটি বিশেষ অন-লাইন পোর্টালের সূচনা করেছে । শারিরীক অসুস্থতা , চিকিৎসা ব্যায়ের ফলে আর্থিক সমস্যের সম্মুখীন হওয়া শিল্পীদের রেহাই প্রদান করার উদ্দশ্যে সরকার এই প্রকল্পের সূচনা করেছে । ১৮ থেকে ৭০ বছর বয়সের শিল্পীরা এই প্রকল্পের অধীনে আবেদন করতে পারবেন । শিল্পীরা এই প্রকল্পের মাধ্যমে ৩ লক্ষ থেকে ৬ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা লাভ করবেন । এ জন্য অন-লাইন পোর্টালে আগামী ৭ জানুয়ারী রাত ১২টার মধ্যে আবাদন করতে হবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার শিশু সুরক্ষা বিভাগের উদ্যোগে গতকাল লক্ষীরবন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু সুরক্ষার উপর একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সুরক্ষিত শৈশব সোনালী অসম প্রকল্পের অধীনে আয়োজিত সচেতনতা সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সরকারের গ্রহন করা বিভিন্ন পদক্ষেপ নিয়ে শিশু সুরক্ষা আধিকারীক সৈয়দ জালাল উদ্দিন, কবির আহমেদ চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার খাদ্য , গ্রাহক পরিক্রমা ও সরবরাহ বিভাগ থেকে জানানো হয়েছে যে জেলায় জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে অন্ত্যোদয় অন্ন যোজনা ও প্রায়োরিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের আগামী জানুয়ারী মাসের ভর্তুকি যুক্ত মসুর ডাল , চিনি ও লবন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জেলার সব গ্রা৪ম পঞ্চায়েত সমবায় সমিতি ও হোলসেল কো-অপারেটিভ সোসাইটিগুলিকে আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে মসুর ডাল চিনি ও লবন সংগ্রহ করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শিলচর জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে প্রাক্তন রাজ্যসভা সাংসদ কর্নেন্দু ভট্টাচার্য্যের তৃতীয় মৃত্যু বার্সিকী গতকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে ইন্দিরা ভবনে পালিত হয়েছে । আসাম প্রদেশ কংগ্রেস কমিটির নির্বাচনী ইস্তাহার কমিটির প্রধান প্রদুৎ বরদলৈ সহ প্রাক্তন মন্ত্রী অজিত সিং এবং দলীয় কর্মকর্তারা প্রয়াত ভট্টাচায্যের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান । পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দির রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয়ে অফলাইনে খাজনা জমা দেওয়া বন্ধ করা হয়েছে । তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ই-খাজনা পোর্টেলে খাজনা জমা করতে হবে । জমির পাট্টাদারদেরকে তাদের খাজনা ই-খাজনা পোর্টেলে জমা দিতে অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------